দৈনিক
ইত্তেফাক

তারিখ ...08 SEP 2008...
পৃঃ ... ১ ... কলাম ... ৬

# তিনটি প্রাইভেট মেডিক্যাল কলেজের অনুমোদন বাতিল

## ছাত্র-ছাত্রীদের অন্য মেডিক্যাল কলেজে স্থানান্তরের নির্দেশ

॥ আবুল খায়ের ॥

স্বাস্থ্য মন্ত্রণালয় তিনটি প্রাইভেট মেডিক্যাল কলেজের অনুমোদন বাতিলের নির্দেশ দিয়েছে। গতকাল রবিবার মন্ত্রণালয় এই তিনটি মেডিক্যাল কলেজের অনুমোদন বাতিলের আদেশ জারি করেছে।

২ সেপ্টেম্বর স্বাস্থ্য উপদেষ্টা ড. এএমএম শওকত আলীর সভাপতিত্বে সভায় প্রাইভেট মেডিক্যাল কলেজের শিক্ষা পরিস্থিতি নিয়ে আলোচনা হয়। সভায় তিনটি মেডিক্যাল কলেজের অনুমোদন বাতিল এবং এই তিনটি প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের অন্যান্য মেডিক্যাল কলেজে স্থানান্তর করার সিদ্ধান্ত হয়। তিনটি মেডিক্যাল কলেজ হচ্ছে: আওলিয়ায় নাইটিংগল মেডিক্যাল কলেজ, ধানমন্ডিতে নর্দার্ন ইন্টারন্যাশনাল মেডিক্যাল কলেজ ও মিরপুরে ডেল্টা মেডিক্যাল কলেজ। তিনটি মেডিক্যাল কলেজের ২৫০ জন ছাত্র-ছাত্রীকে হলি ফ্যামিলি মেডিক্যাল কলেজ ও অন্যান্য মেডিক্যাল কলেজে স্থানান্তর করার নির্দেশ দেয়া হয়। ইতিপূর্বে এই তিন মেডিক্যাল কলেজকে স্বাস্থ্য অধিদফতর থেকে শিক্ষার মান উন্নত করার এবং নীতিমালা অনুসরণ করে শিক্ষার পরিবেশ তৈরিতে বার বার তাগিদ দেয়া হয়।

প্রাইভেট মেডিক্যাল কলেজে ছাত্রছাত্রী ভর্তি করে কোটি কোটি টাকা হাতিয়ে নেয়। এইসব মেডিক্যাল কলেজে নেই চিকিৎসা শিক্ষার উপকরণ এবং নেই অভিজ্ঞ জনবল। নামকাওয়াস্তে ক্লাস চালু রাখে। নেই শিক্ষার পরিবেশ। গত বছর কয়েকটি মেডিক্যাল কলেজের ছাত্র-ছাত্রী ও তাদের অভিভাবকরা স্বাস্থ্য অধিদফতরে (৪র্থ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

### তিনটি প্রাইভেট

(প্রথম পৃঃ পর)

আবেদন করে যে, তাদের ছেলেমেয়েদের লেখাপড়া হচ্ছে না। শিক্ষক নেই ও শিক্ষার উপযুক্ত পরিবেশ নেই, ঠিকমত ক্লাস হয় না। তিন বছর সময় অতিবাহিত হওয়ার পরও তারা রোগীর দেহে হাত দিতে পারছে না। স্বাস্থ্য অধিদফতরের পরিচালক অধ্যাপক ডা. খন্দকার সিফায়েত উল্লাহর নেতৃত্বে তিন সদস্যের তদন্ত কমিটি অনুমোদিত ৩৩টি প্রাইভেট মেডিক্যাল কলেজের মধ্যে ২০টি পরিদর্শনে যান। ১৩টি মেডিক্যাল কলেজে নীতিমালা লংঘন এবং শিক্ষার উপযুক্ত পরিবেশ না থাকায় এমবিবিএস কোর্সে ছাত্রছাত্রী ভর্তি বন্ধ রাখার সুপারিশ করেন। এই সুপারিশের পরিপ্রেক্ষিতে মন্ত্রণালয় ১৩টি প্রাইভেট মেডিক্যাল কলেজে এমবিবিএ কোর্সে সাময়িকভাবে ভর্তি বন্ধ রাখার নির্দেশ দেয়। এরমধ্যে টঙ্গীতে তায়রুন্নেছা মেমোরিয়াল মেডিক্যাল কলেজ, সিরাজগঞ্জে নর্থ বেঙ্গল মেডিক্যাল কলেজ ও চট্টগ্রামে সাউদার্ন মেডিক্যাল কলেজ কর্তৃপক্ষ হাইকোর্টে ছাত্রছাত্রী ভর্তি বন্ধের বিরুদ্ধে রিট পিটিশন করে। ৭টি সরকারি নীতিমালা অনুসরণ করায় মন্ত্রণালয় ভর্তি বন্ধের আদেশ স্থগিত করে। বাকি তিনটি নীতিমালা অনুসরণ ও পরিবেশ সৃষ্টিতে ব্যর্থ হওয়ায় এগুলোর অনুমোদন বাতিল করা হয়। দেশে আরো পাঁচটি সরকারি মেডিক্যাল কলেজ প্রতিষ্ঠা প্রায় চূড়ান্ত পর্যায়ে। এগুলো পাবনা, যশোর, নোয়াখালী, কক্সবাজার ও রাঙ্গামাটিতে হবে।

দেশে প্রাইভেট ডেন্টাল কলেজ ১১টি। তদন্ত কমিটি প্রত্যেকটি প্রাইভেট মেডিক্যাল ও ডেন্টাল কলেজ পুনরায় সরেজমিনে তদন্ত শুরু করবেন বলে জানা গেছে। এই ব্যাপারে স্বাস্থ্য অধিদফতরের পরিচালক (মেডিক্যাল এডুকেশন) অধ্যাপক ডা. খন্দকার সিফায়েত উল্লাহ বলেন, সরকারি নীতিমালা লংঘনকারীকে কোন প্রাইভেট মেডিক্যাল কলেজ ও ডেন্টাল কলেজকে দেয়া হবে না। উপযুক্ত শিক্ষার পরিবেশ সৃষ্টি করতে ব্যর্থ হলে কঠোর ব্যবস্থা নেয়া হবে। মেডিক্যাল শিক্ষা মানুষের জীবন মরণের সম্পর্ক। এ ক্ষেত্রে যারা বিনিয়োগ করবেন, বুঝে শুনে এগিয়ে আসা উচিত বলে পরিচালক জানান।